গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.৩৪.০০০১.১৯.১৪৮

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের লক্ষ্যে অনলাইনে আবেদন ফরম পূরণ।**
সূত্র: শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৫ আগামী **১২ ডিসেম্বর ২০২৫ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা** পর্যন্ত সারাদেশে ৬৬টি কেন্দ্রে (জেলা সদরে ৬৩টি ও ঢাকা মহানগরীতে ০৩টি) নির্বাচিত কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। প্রতিটি জেলা সদরে ০১টি করে পরীক্ষার কেন্দ্র থাকবে এবং তা সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক নির্বাচন করবেন। ঢাকা মহানগরীতে ০৩টি কেন্দ্র থাকবে এবং তা বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ নির্বাচন করবেন।

২। শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০২৫ এর ক্রমিক নং-১০.৪ মোতাবেক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনার বিদ্যালয়ের নির্বাচিত (৪র্থ ও ৫ম) প্রত্যেক শ্রেণির ন্যূনতম ৩০% শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ কার্যক্রম **আগামী ০৬ অক্টোবর ২০২৫ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে ২০ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা** পর্যন্ত চলমান থাকবে। বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ **০২ নভেম্বর ২০২৫ তারিখ হতে ১৩ নভেম্বর ২০২৫ তারিখ** পর্যন্ত যাচাই-বাছাই করা হবে।

৩। শিশু কল্যাণ ট্রাস্ট এর ওয়েব সাইটের (www.skt.gov.bd) এর ম্যানু বারে "**বৃত্তি পরীক্ষা-২০২৫**" এ ক্লিক করে বৃত্তি পরীক্ষার অনলাইন ফরম আগামী ২০ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে যথাযথভাবে পূরণ করে ট্রাস্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ধার্য তারিখের পর আর ফরম পূরণ করা যাবে না।

২৯-০৯-২০২৫
সুরাইয়া খান
পরিচালক

প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-...,...............।


**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.০০০.৩৪.০০০১.১৯.১৪৮/১ (৮)

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (ঢাকা জেলা ব্যতিত সকল জেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (বৃত্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনের অনুরোধসহ)।

২। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বৃত্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচনের অনুরোধসহ)।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য-সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৬। অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল) ও সদস্য-সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৮। অফিস কপি।



২৯-০৯-২০২৫
মোঃ মাহবুবুর রাব্বানী
সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)